

Set Code-1



বেলাল আহমেদ রাস্তা  
কনফিডেন্স

কর্পোরেট অফিস : 01973101504/07

Facebook Group: BCS CONFIDENCE. Email: bcsconfidence@hotmail.com



## 50<sup>th</sup> Preli. Subject Test-7 এর ব্যাখ্যাসহ প্রশ্ন সমাধান (সাম্প্রতিক বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)

১. ৭৮তম কান উৎসবে কোন বাংলাদেশি চলচ্চিত্র বিশেষ স্বীকৃতি লাভ করে?  
ক. সুনোহা খ. আলী গ. কোকিল ঘ. বক ধার্মিক

ব্যাখ্যা : ৭৮তম কান উৎসবে বাংলাদেশের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'আলী' বিশেষ স্বীকৃতি লাভ করে। আদনান আল রাজীব পরিচালিত এই ছবিটি অফিসিয়াল শর্টফিল্ম প্রতিযোগিতায় নির্বাচিত হয়ে এই সম্মান অর্জন করে।

২. বাংলাদেশে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয় কবে?  
ক. ২৬ মার্চ ২০০৯ খ. ২৫ মার্চ ২০১০  
গ. ১৪ অক্টোবর ২০২৪ ঘ. ২২ মার্চ ২০১২

ব্যাখ্যা : ২০১০ সালের ২৫শে মার্চ আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন ১৯৭৩-এর ৬ ধারার বলে তিন সদস্য বিশিষ্ট একটি ট্রাইব্যুনাল গঠন করা হয়।

৩. 'প্রতিবাদী তারণ্য' ক্যাটাগরিতে মরনোত্তর স্বাধীনতা পুরস্কার কে পেয়েছেন?  
ক. আবরার ফাহাদ খ. আবু সাঈদ  
গ. মীর মুশ্বি ঘ. নভেরা আহমেদ

ব্যাখ্যা : 'প্রতিবাদী তারণ্য' ক্যাটাগরিতে ২০২৫ সালের স্বাধীনতা পুরস্কার (মরনোত্তর) পেয়েছেন আবরার ফাহাদ।

৪. কোন তারিখে ইরান-ইসরাইল যুদ্ধ বিরতি হয়?

ক. ৫ জুন, ২০২৫ খ. ২ জুলাই, ২০২৫  
গ. ২৭ মে, ২০২৫ ঘ. ২৪ জুন, ২০২৫

ব্যাখ্যা : ২০২৫ সালের ১৩ জুন ইরানে ইসরায়েলের হামলার মধ্য দিয়ে যুদ্ধ শুরু হয়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধ বিরতির কথা জানান ২৪ জুন।

৫. বিশ্বের প্রথম পুনর্ব্যবহারযোগ্য রকেট-

ক. ড্রাগন-২ খ. আর্টেমিস গ. স্টারশিপ ঘ. হেরা

ব্যাখ্যা : বিশ্বের প্রথম সম্পূর্ণ পুনর্ব্যবহারযোগ্য রকেট হলো স্পেসএক্স-এর স্টারশিপ, যদিও এই প্রযুক্তির বিকাশে অনেক কোম্পানি জড়িত।

৬. খ্রি জিরো তত্ত্ব ঘোষিত হয় কবে?

ক. ২০১৩ সালে খ. ২০১৫ সালে  
গ. ২০১৭ সালে ঘ. ২০২০ সালে

ব্যাখ্যা : ২০১৫ সালে ২৮ মে সামাজিক ব্যবসা দিবস উদ্যাপনকালে প্রধান বক্তার বক্তৃতায় ড. মুহাম্মদ ইউনুস শূন্য তত্ত্ব তুলে ধরেন।

৭. খ্রি জিরো তত্ত্বের তিনটি মূল লক্ষ্য কী?

ক. শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব, শূন্য নিট কার্বন নির্গমন  
খ. শূন্য ক্ষুধা, শূন্য ঋণ, শূন্য দারিদ্র্য  
গ. শূন্য মুদ্রাস্ফীতি, শূন্য ঋণ, শূন্য দারিদ্র্য  
ঘ. শূন্য বেকারত্ব, শূন্য ক্ষুধা, শূন্য শিক্ষা-অভাব

ব্যাখ্যা : খ্রি জিরো তত্ত্বের তিনটি মূল লক্ষ্য হলো: শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব, এবং শূন্য নিট কার্বন নিঃসরণ। ড. মুহাম্মদ ইউনুস কর্তৃক প্রস্তাবিত এই তত্ত্বটি একটি সামাজিক ও অর্থনৈতিক মডেল যা এই তিনটি লক্ষ্য অর্জনের মাধ্যমে একটি টেকসই এবং ন্যায়ভিত্তিক বিশ্ব গড়ে তোলার উপর জোর দেয়।

৮. মূসক দিবস-

ক. ৯ ডিসেম্বর খ. ১০ ডিসেম্বর গ. ৯ নভেম্বর ঘ. ১০ নভেম্বর

ব্যাখ্যা : মূসক দিবস প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। এর পাশাপাশি, ১০ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত মূসক সপ্তাহ উদ্‌যাপিত হয়।

৯. ২০২৫-২৬ অর্থ বছরের বাজেটে সর্বোচ্চ বরাদ্দ পেয়েছে কোন খাত?

ক. শিক্ষা ও প্রযুক্তি খ. জনপ্রশাসন  
গ. পরিবহন ও যোগাযোগ ঘ. স্বাস্থ্য

ব্যাখ্যা : জনপ্রশাসন: ১ লাখ ৮৬ হাজার ০৮৮ কোটি টাকা

১০. Typhoon Block-4 হাইপারসনিক মিসাইল কোন দেশের?

ক. রাশিয়া খ. তুরস্ক  
গ. চীন ঘ. উত্তর কোরিয়া

ব্যাখ্যা : তাইফুন ব্লক-৪ (Tyfun Block-4) হাইপারসনিক মিসাইলটি তুরস্কের। তুরস্কের প্রতিরক্ষা প্রতিষ্ঠান রকেটসান এটি তৈরি করেছে এবং সম্প্রতি অনুষ্ঠিত আইডিইএফ ২০২৫ মেলায় এটি উন্মোচন করা হয়।

১১. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, চলতি মূল্যে মাথাপিছু আয় (GNI)-

ক. ২,৭৬৪ মার্কিন ডলার খ. ২,৭৭৪ মার্কিন ডলার  
গ. ২,৭৮৪ মার্কিন ডলার ঘ. ২,৭৯৪ মার্কিন ডলার

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, চলতি মূল্যে মাথাপিছু আয় ছিল ২,৭৮৪ মার্কিন ডলার। বিবিএস এর তথ্য মতে, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় ২ হাজার ৮২০ মার্কিন ডলার।

১২. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, প্রতি বর্গকিলোমিটারে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত?

ক. ১,০৫০ জন খ. ১,১২০ জন গ. ১,১৭১ জন ঘ. ১,২৫০ জন

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী, প্রতি বর্গকিলোমিটারে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব ১১৭১ জন।

১৩. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, সাক্ষরতার হারে সর্বনিম্ন বিভাগ কোনটি?

ক. ঢাকা খ. রাজশাহী গ. ময়মনসিংহ ঘ. বরিশাল

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী, সাক্ষরতার হারে সর্বনিম্ন বিভাগ হল ময়মনসিংহ বিভাগ।

১৪. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, দারিদ্র্যের হার কত শতাংশ?

ক. ২০% খ. ১৮.৭% গ. ১৯.৫% ঘ. ১৭.৯%

ব্যাখ্যা : ২০২৪ সালের বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী, দারিদ্র্যের হার ছিল ১৮.৭ শতাংশ। তবে, বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৪ সালে দারিদ্র্যের হার ছিল ২০.৫%.

১৫. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, প্রতি হাজারে শিশুমৃত্যুর হার কত?

ক. ২৫ খ. ২৭ গ. ২৯ ঘ. ৩০

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, প্রতি হাজারে শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে) - ২৭ জন (১ বছরের কম), প্রতি হাজারে ৩৩ জন (৫ বছরের কম)।

১৬. অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ মতে, পুরুষ-নারীর অনুপাত কত?

ক. ৯৮:১০০ খ. ৯৫:১০০ গ. ৯৬.৩:১০০ ঘ. ৯৯:১০০

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী, পুরুষ-নারীর অনুপাত ৯৬.৩:১০০। এটি বোঝায় যে প্রতি ১০০ জন নারীর বিপরীতে ৯৬.৩ জন পুরুষ রয়েছেন।

১৭. গজলডোবা বাঁধ নির্মিত হয়েছে কোন নদীর ওপর?

ক. তিস্তা খ. গোমতী গ. মহানন্দা ঘ. কর্ণফুলী

ব্যাখ্যা : গজলডোবা বাঁধটি তিস্তা নদীর উপর নির্মিত। এটি ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের জলপাইগুড়ি জেলার গজলডোবার কাছে অবস্থিত।

১৮. ডুমুর বাঁধটি অবস্থিত-

ক. গোমতী নদীতে খ. তিস্তা নদীতে  
গ. বরাক নদীতে ঘ. গঙ্গা নদীতে

ব্যাখ্যা : ডুমুর বাঁধটি ভারতের ত্রিপুরায় অবস্থিত। এটি গোমতী নদীর উপর নির্মিত একটি জলবিদ্যুৎ প্রকল্প এবং হ্রদ, যা বন্যা থেকে রক্ষা এবং বিদ্যুৎ সরবরাহে সাহায্য করে।

১৯. ভ্যাটের স্তর কয়টি?

ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি

ব্যাখ্যা : বর্তমানে ভ্যাটের স্তর ৪টি (১৫%, ১০%, ৫%, এবং ২%)।

২০. 'ওয়ান বিগ বিউটিফুল অ্যাক্ট' কোন খাতের সাথে সম্পর্কিত?

ক. প্রতিরক্ষা খ. অর্থনীতি গ. শিক্ষা ঘ. জনপ্রশাসন

ব্যাখ্যা : 'ওয়ান বিগ বিউটিফুল অ্যাক্ট' মূলত অর্থনীতি খাতের সাথে সম্পর্কিত, কারণ এটি একটি বাজেট পুনর্মিলন বিল যা মার্কিন যুক্তরাষ্ট্রে কর এবং ব্যয় নীতিকে সমন্বয় করে।

২১. 'জুলাই শহীদ দিবস' পালিত হয়-

ক. ১৫ জুলাই খ. ১৬ জুলাই গ. ১৭ জুলাই ঘ. ১৮ জুলাই

ব্যাখ্যা : ২ জুলাই ২০২৫ সালে মন্ত্রীপরিষদ কর্তৃক প্রজ্ঞাপন জারি করার মাধ্যমে প্রতিবছর ১৬ জুলাইকে 'জুলাই শহীদ দিবস' ঘোষণা করা হয়।

২২. কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ মতে, বাংলাদেশে আম উৎপাদনে শীর্ষ জেলা-

ক. রাজশাহী খ. নাটোর  
গ. চাঁপাইনবাবগঞ্জ ঘ. নওগাঁ

ব্যাখ্যা : কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ অনুযায়ী, বাংলাদেশে ধান চাষে শীর্ষ জেলা হলো দিনাজপুর।

২৩. কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ মতে, (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো) বাংলাদেশে ধান চাষে শীর্ষ জেলা-

ক. দিনাজপুর খ. বরিশাল গ. ময়মনসিংহ ঘ. রংপুর

ব্যাখ্যা : কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো) অনুযায়ী, বাংলাদেশে ধান চাষে শীর্ষ জেলা ময়মনসিংহ।

২৪. চিংড়ি মাছ উৎপাদনে শীর্ষ জেলা-

ক. খুলনা খ. সাতক্ষীরা গ. বাগেরহাট ঘ. ময়মনসিংহ

ব্যাখ্যা : চিংড়ি উৎপাদনে শীর্ষ জেলা সাতক্ষীরা। সাতক্ষীরা থেকে ইউরোপসহ বহিঃবিশ্বে রপ্তানি হওয়া মোট চিংড়ির প্রায় ৭০% উৎপাদিত হয়।

২৫. বাংলাদেশ মাছ উৎপাদনে বিশ্বের অবস্থান-

ক. ৫ম খ. ৭ম গ. ৮ম ঘ. ৯ম

ব্যাখ্যা : চাষকৃত মাছ উৎপাদনে বিশ্বব্যাপী বাংলাদেশের অবস্থান পঞ্চম এবং স্বাদুপানির মাছ (মিঠাপানির মাছ) উৎপাদনে দ্বিতীয়।

২৬. স্বাদু পানির মাছ উৎপাদনে বাংলাদেশের অবস্থান-

ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ

ব্যাখ্যা : স্বাদুপানির মাছ (মিঠাপানির মাছ) উৎপাদনে দ্বিতীয়।

২৭. ব্রি ধান ১১৪ হলো-

ক. লবণাক্ততা সহনশীল ধান খ. উচ্চফলনশীল বোরো ধান  
গ. ব্লাস্ট রোগপ্রতিরোধী ধান ঘ. উচ্চ প্রোটিনযুক্ত ধান

ব্যাখ্যা : ব্রি ধান ১১৪ হলো ব্লাস্ট রোগ প্রতিরোধী একটি ধানের জাত, যা বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবন করেছে।

২৮. ২০২৫ সালে ওয়ার্ল্ড ফুড প্রাইজ লাভ করেন-

ক. ড. ইউসুফ আলী খ. এ এস এম মাসুদুজ্জামান  
গ. আবদুল আউয়াল মিন্টু ঘ. ড. এম আমিনুল ইসলাম

ব্যাখ্যা : ২০২৫ সালে আবদুল আউয়াল মিন্টু 'টপ অ্যাগ্রি ফুড পাইওনিয়ার' হিসেবে ওয়ার্ল্ড ফুড প্রাইজ পেয়েছেন। এটি কৃষি ও খাদ্য খাতে তার চার দশকেরও বেশি অবদানের স্বীকৃতি। তিনি লাল তীর সিডস লিমিটেডের চেয়ারম্যান।

২৯. বাংলাদেশের প্রথম ঘড়িয়াল প্রজনন কেন্দ্র কোথায়?

ক. সিলেট খ. কক্সবাজার গ. রাজশাহী ঘ. ময়মনসিংহ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ঘড়িয়াল প্রজনন কেন্দ্রটি রাজশাহীতে অবস্থিত। ১৫ এপ্রিল, ২০২৫ তারিখে বন অধিদপ্তর এটি উদ্বোধন করে।

৩০. বিশ্বের কতটি দেশে বাংলাদেশের মিশন রয়েছে?

ক. ৫৭টি খ. ৫৮টি গ. ৫৯টি ঘ. ৬১টি

ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশের ৮৪টি কূটনৈতিক মিশন রয়েছে, যা ৬১টি দেশে অবস্থিত। এর মধ্যে রয়েছে ৫৯টি দূতাবাস, ১৮টি হাইকমিশন এবং জাতিসংঘের স্থায়ী মিশন।

৩১. বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল প্রথম সাফ চ্যাম্পিয়নশিপ জিতে-

ক. ২০১৮ সালে খ. ২০২২ সালে  
গ. ২০২৩ সালে ঘ. ২০২১ সালে

ব্যাখ্যা : ফুটবল চ্যাম্পিয়নশীপ-২০২২ এ বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল ফাইনালে নেপালকে ৩-১ গোলে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

৩২. বাংলাদেশের প্রথম অলিম্পিক গেমসে অংশগ্রহণ কোন সালে?

ক. ১৯৮০ সালে খ. ১৯৮৪ সালে গ. ১৯৮৮ সালে ঘ. ১৯৯২ সালে

ব্যাখ্যা : বাংলাদেশ প্রথম অলিম্পিক গেমসে অংশগ্রহণ ছিল ১৯৮৪ সালে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত গ্রীষ্মকালীন অলিম্পিকে।

৩৩. কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ অনুযায়ী, গম উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?

ক. ময়মনসিংহ খ. ঠাকুরগাঁও গ. দিনাজপুর ঘ. ফরিদপুর

ব্যাখ্যা : কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২৪ অনুযায়ী গম উৎপাদনে শীর্ষ জেলা ঠাকুরগাঁও।

৩৪. জাতীয় মসজিদ 'বায়তুল মোকাররম' আছে কয় টাকার নোটে?

ক. ১০ টাকা খ. ২০ টাকা গ. ৫০ টাকা ঘ. ১০০ টাকা

ব্যাখ্যা : জাতীয় মসজিদ 'বায়তুল মোকাররম' ১০ টাকার নোটে রয়েছে। এই নোটের সামনে বায়তুল মোকাররমের ছবি এবং পেছনে গণঅভ্যুত্থানের গ্রাফিকের ছবি ছাপা আছে।

৩৫. ২০২৫ সালে কতজন ব্যক্তি স্বাধীনতা পদক লাভ করেছেন?

ক. ৫ জন খ. ৬ জন গ. ৭ জন ঘ. ৮ জন

ব্যাখ্যা : ২০২৫ সালে সাতজন বিশিষ্ট ব্যক্তিকে স্বাধীনতা পুরস্কার প্রদান করা হয়েছে।

৩৬. স্বাধীনতা পদক ২০২৫-এর প্রাপ্তিতে সাহিত্য বিভাগের পুরস্কারপ্রার্থী কে ছিলেন?

ক. বদরুদ্দীন মোহাম্মদ উমর খ. মীর আবদুস শুকুর আল মাহমুদ  
গ. মোহাম্মদ মাহবুবুল হক খান ঘ. হেলাল হাফিজ

ব্যাখ্যা : ২০২৫ সালের স্বাধীনতা পুরস্কারে সাহিত্যে মীর আবদুস শুকুর আল মাহমুদ (মরণোত্তর) মনোনীত হয়েছিলেন।

৩৭. জিংক-সমৃদ্ধ ধানের জাত কোনটি?

ক. ব্রি ধান ৪৩ খ. ব্রি ধান ৪৫ গ. ব্রি ধান ৬২ ঘ. ব্রি ধান ৬৯

ব্যাখ্যা : জিংক সমৃদ্ধ কয়েকটি ধানের জাত হলো ব্রি ধান ১০০, ব্রি ধান ৬২, ব্রি ধান ৬৪, ব্রি ধান ৭২, ব্রি ধান ৭৪, এবং ব্রি ধান ৮৪।

৩৮. সম্প্রতি অনুষ্ঠিত বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের যৌথ সামরিক মহড়ার নাম কী?

ক. ইন্ডো-প্যাসিফিক স্ট্রাইক খ. টাইগার শার্ক  
গ. সার্জেন্ট শিল্ড ঘ. ওশেন সেন্টিনেল

ব্যাখ্যা : সম্প্রতি অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের যৌথ সামরিক মহড়ার নাম-টাইগার শার্ক।

৩৯. বর্তমানে দেশের দ্বিতীয় শীর্ষ রপ্তানি খাত কোনটি?

ক. ঔষধ শিল্প খ. চামড়া ও চামড়াজাত পণ্য  
গ. পোশাক শিল্প ঘ. কৃষিজাত পণ্য

ব্যাখ্যা : বর্তমানে পোশাক খাতের পর বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি আয়ের উৎস হল চামড়া ও চামড়াজাত পণ্য।

৪০. বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের পক্ষে প্রথম সেঞ্চুরি করেন কে?

ক. মুশফিকুর রহিম খ. তামিম ইকবাল  
গ. সাকিব আল হাসান ঘ. মাহমুদউল্লাহ রিয়াদ

ব্যাখ্যা : বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের পক্ষে প্রথম সেঞ্চুরি করেন মাহমুদউল্লাহ রিয়াদ। তিনি ২০১৯ সালের বিশ্বকাপে স্কটল্যান্ডের বিপক্ষে এই রেকর্ড গড়েন।

৪১. নবম নারী টি-২০ বিশ্বকাপ-২০২৪ চ্যাম্পিয়ন হয়ে কোন দল?

ক. ভারত খ. দক্ষিণ আফ্রিকা  
গ. নিউজিল্যান্ড ঘ. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা : নিউজিল্যান্ড দক্ষিণ আফ্রিকাকে ৩২ রানে হারিয়ে প্রথমবারের মতো টি২০ বিশ্বকাপের শিরোপা জিতেছিল।

৪২. বাংলাদেশ প্রথমবারের মতো কোন দেশে আম রপ্তানি করে?

ক. ভারত খ. পাকিস্তান গ. চীন ঘ. জাপান

ব্যাখ্যা : বাংলাদেশ প্রথমবারের মতো চীনে আম রপ্তানি করেছে। ৩০শে মে, ২০২৫ তারিখে প্রথম চালানটি চীনের উদ্দেশ্যে রওনা হয়।

৪৩. মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর নির্মাণ করছে-

ক. জাপান খ. চীন গ. ভারত ঘ. যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : জাপানের অর্থায়নে ও সহায়তায় বাংলাদেশ মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর নির্মাণ করছে।

৪৪. গুমের শিকার পরিবারগুলো নিয়ে গঠিত সংগঠন-

ক. জুলাই ওয়ারিয়র্স খ. জুলাই যোদ্ধা  
গ. মায়ের ডাক ঘ. শুনতে কি পাও

ব্যাখ্যা : গুম হওয়া ব্যক্তিদের পরিবারগুলোর নিয়ে গঠিত স্থানীয় সংগঠন "মায়ের ডাক"।

৪৫. ২০২৪-২৫ অর্থবছরে কোন খাতে প্রবৃদ্ধির হার বেশি?

ক. সেবা খ. কৃষি গ. শিল্প ঘ. কোনোটি নয়

ব্যাখ্যা : দেশের অর্থনীতি অর্ধেকের বেশি অবদান রাখা সেবা খাতে ২০২৪-২৫ অর্থবছরের চতুর্থ প্রান্তিকে ২ দশমিক ৯৬ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে, যা আগের বছর একই প্রান্তিকে ছিল ৩ দশমিক ৬১ শতাংশ।

৪৬. বাংলাদেশ কত সালে স্বপ্রোন্নত দেশের তালিকা (LDC) থেকে পুরোপুরি বের হয়ে যাবে?

ক. ২০২৬ খ. ২০২৩ গ. ২০৩৬ ঘ. ২০২৪১

ব্যাখ্যা : বাংলাদেশ ২০২৬ সালে স্বল্পোন্নত দেশের তালিকা (LDC) থেকে বের হয়ে যাবে।

৪৭. বিশ্ব গণমাধ্যম সূচক-২০২৫-এ বাংলাদেশ-

ক. ৯৭তম খ. ৯৮তম গ. ৯৯তম ঘ. ৯৬তম

ব্যাখ্যা : May 3, 2025 — ৩৩.৭১ স্কোর নিয়ে ১৮০টি দেশের মধ্যে সূচকে বাংলাদেশের অবস্থান ১৪৯তম।

৪৮. একুশে পদক ঘোষণা করে কোন মন্ত্রণালয়?

ক. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় খ. মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়  
গ. সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় ঘ. শিক্ষা মন্ত্রণালয়

ব্যাখ্যা : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রতি বছর বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য একুশে পদকপ্রাপ্তদের নাম ঘোষণা করে থাকে।

**৪৯. বাংলাদেশে পরীক্ষামূলকভাবে স্টারলিংক চালু হয় কবে?**

ক. ৮ এপ্রিল ২০২৫ খ. ৯ এপ্রিল ২০২৫  
গ. ১০ এপ্রিল ২০২৫ ঘ. ১১ এপ্রিল ২০২৫

**ব্যাখ্যা :** বাংলাদেশে স্টারলিংকের পরীক্ষামূলক ব্যবহার ৯ এপ্রিল, ২০২৫ থেকে শুরু হয়েছিল। এটি আনুষ্ঠানিকভাবে চালু করা হয় ২০ মে, ২০২৫ তারিখে।

**৫০. 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর' কোন মন্ত্রণালয়ের অধীনে?**

ক. মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় খ. সংস্কৃতি মন্ত্রণালয়  
গ. সমাজকল্যাণ মন্ত্রণালয় ঘ. কোনোটি নয়

**ব্যাখ্যা :** 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর' সংস্কৃতি মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় - উভয় মন্ত্রণালয়ের অধীনে রয়েছে।

**৫১. ২০২৫ সালে বিশ্বের শীর্ষ ঋণদাতা দেশ-**

ক. চীন খ. জাপান গ. জার্মানি ঘ. যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** দীর্ঘ ৩৪ বছর পর বিশ্বের শীর্ষ ঋণদাতা দেশের মর্যাদা হারাল জাপান। দেশটিকে তালিকার দ্বিতীয় অবস্থানে ঠেলে দিয়ে শীর্ষস্থানটি দখল করে নিয়েছে জার্মানি।

**৫২. প্রবাসী আয় সূচক-২০২৫ অনুযায়ী, প্রবাসী আয় গ্রহণে বাংলাদেশের অবস্থান-**

ক. ৫ম খ. ৬ষ্ঠ গ. ৭ম ঘ. ৮ম

**ব্যাখ্যা :** ২০২৪ সালে বাংলাদেশে রেমিট্যান্স বা প্রবাসী আয় প্রাপ্তিতে শীর্ষ দশ দেশের মধ্যে ৭ম অবস্থানে ছিল বাংলাদেশ।

**৫৩. শরণার্থী বাস্তুচ্যুতিতে শীর্ষ দেশ?**

ক. সিরিয়া খ. ফিলিস্তিন গ. আফগানিস্তান ঘ. মিয়ানমার

**ব্যাখ্যা :** ইউএনএইচসিআর জানিয়েছে, ২০২৪ সালের শেষ নাগাদ ১২.১ মিলিয়ন সিরিয়ান বাস্তুচ্যুত হয়েছে।

**৫৪. শান্তিরক্ষী প্রেরণে শীর্ষ দেশ-**

ক. রুয়ান্ডা খ. নেপাল গ. বাংলাদেশ ঘ. পাকিস্তান

**ব্যাখ্যা :** জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে ২০২৫ সালে ফেব্রুয়ারি মাস পর্যন্ত প্রকাশিত তথ্য থেকে দেখা যাচ্ছে নেপাল ৫৯৫১ জন শান্তিরক্ষী প্রেরণ করে শীর্ষ স্থানে আছে।

**৫৫. বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক ২০২৫-এ বাংলাদেশের অবস্থান-**

ক. ১৪৬তম খ. ১৪৭তম গ. ১৪৮তম ঘ. ১৪৯তম

**ব্যাখ্যা :** May 3, 2025 — ৩৩.৭১ স্কোর নিয়ে ১৮০টি দেশের মধ্যে সূচকে বাংলাদেশের অবস্থান ১৪৯তম।

**৫৬. বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ দেশ কোনটি?**

ক. যুক্তরাষ্ট্র খ. ভারত গ. জাপান ঘ. চীন

**ব্যাখ্যা :** বিশ্বব্যাপী বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ দেশ হলো যুক্তরাষ্ট্র, যা অভ্যন্তরীণ প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগের (FDI) একটি প্রধান গন্তব্য হিসেবে নিজের স্থান ধরে রেখেছে।

**৫৭. গ্লোবাল সুমদ ফ্লোটিল কী?**

ক. যুদ্ধ জাহাজ খ. ট্রাণবাহী নৌবহর  
গ. পরিবেশ আন্দোলন ঘ. উদ্ধারকারী নৌবহর

**ব্যাখ্যা :** গ্লোবাল সুমদ ফ্লোটিল হলো একটি আন্তর্জাতিক নৌবহর, যা বিভিন্ন দেশ থেকে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবক, মানবাধিকারকর্মী এবং পরিবেশকর্মী নিয়ে গঠিত।

**৫৮. জাতিসংঘ বার্ষিক জলবায়ু সম্মেলন : কপ-২৯ কোথায় অনুষ্ঠিত হয়?**

ক. শার্ম আল শেখ, মিশর খ. দুবাই, সংযুক্ত আরব আমিরাত  
গ. বাকু, আজারবাইজান ঘ. বেলেম ডো প্যারা, ব্রাজিল

**ব্যাখ্যা :** আজারবাইজানের রাজধানী বাকুতে অনুষ্ঠিত জাতিসংঘের ২৯তম জলবায়ু সম্মেলন (কপ-২৯) জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় লক্ষ্যে গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ।

**৫৯. অধিক ঘনবসতিপূর্ণ দেশ কোনটি?**

ক. মোনাকো খ. মঙ্গোলিয়া গ. সিঙ্গাপুর ঘ. লুক্সেমবার্গ

**ব্যাখ্যা :** মোনাকো হলো বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। এটি ইউরোপের একটি নগর-রাষ্ট্র, যেখানে প্রতি বর্গকিলোমিটারে প্রায় ২৬,৩৩৭ জন মানুষ বসবাস করে।

**৬০. বৈশ্বিক লিঙ্গবৈষম্য সূচক ২০২৫-এ শীর্ষ দেশ-**

ক. সিঙ্গাপুর খ. ফিনল্যান্ড গ. ডেনমার্ক ঘ. আইসল্যান্ড

**ব্যাখ্যা :** ২০২৫ সালের বৈশ্বিক লিঙ্গবৈষম্য সূচক (Global Gender Gap Index) অনুসারে, আইসল্যান্ড টানা ১৬ বছর ধরে শীর্ষস্থান অধিকার করে আছে এবং লিঙ্গ সমতায় নেতৃত্ব দিচ্ছে।

**৬১. ক্রিপ্টোকারেন্সি ব্যবহারে শীর্ষ দেশ কোনটি?**

ক. জাপান খ. চীন গ. ভারত ঘ. যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** বিশ্বব্যাপী ক্রিপ্টোকারেন্সি গ্রহণের হার ভারতের সর্বোচ্চ, যা কার্যকরভাবে প্রয়োজনীয়তা এবং অর্থনৈতিক প্রাসঙ্গিকতা পরিমাপ করে।

**৬২. জাতিসংঘ বার্ষিক জলবায়ু সম্মেলন : কপ-২৯-এ সার্বিক তাপমাত্রা বৃদ্ধি কত সেন্টিগ্রেডের মধ্যে সীমাবদ্ধ রাখার কথা বলা হয়েছে?**

ক. ১.০ খ. ১.৫ গ. ২.০ ঘ. ২.৫

**ব্যাখ্যা :** জাতিসংঘের বার্ষিক জলবায়ু সম্মেলন কপ-২৯-এ বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখার উপর জোর দেওয়া হয়েছে।

**৬৩. নিচের কোনটি জি জিরোভুক্ত দেশ নয়?**

ক. ভুটান খ. নেপাল গ. পানামা ঘ. মাদাগাস্কার

**ব্যাখ্যা :** জি-জিরো ফোরামের সদস্য দেশগুলো হলো ভুটান, মাদাগাস্কার, পানামা এবং সুরিনাম। এই দেশগুলো কার্বন নিঃসরণ কমানোর জন্য একত্র হয়েছে।

**৬৪. দক্ষিণ এশিয়ায় মুক্ত গণমাধ্যম সূচকে শীর্ষ দেশ কোনটি?**

ক. শ্রীলংকা খ. মালদ্বীপ গ. ভুটান ঘ. নেপাল

**ব্যাখ্যা :** বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে দক্ষিণ এশিয়ার মধ্যে সবচেয়ে ভালো অবস্থানে আছে নেপাল। তাদের অবস্থান ৭৪তম।

**৬৫. জাতিসংঘ বার্ষিক জলবায়ু সম্মেলন : কপ-২৯-এ অংশগ্রহণকারী দেশ ও অঞ্চল-**

ক. ১৯৭টি খ. ১৯৮টি গ. ১৯৯টি ঘ. ২০০টি

**ব্যাখ্যা :** কপ-২৯ সম্মেলনে আজারবাইজানের বাকুতে প্রায় ২০০টি দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন, যার মধ্যে ছিলেন রাষ্ট্রপ্রধান, বিজ্ঞানী, নীতিনির্ধারক এবং ব্যবসায়ী।

**৬৬. বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২৫ অনুযায়ী, বিশ্বে জনসংখ্যা বৃদ্ধির হার কত?**

ক. ১.৯% খ. ২.১% গ. ২.২% ঘ. ২.৩%

**ব্যাখ্যা :** বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২৫ অনুযায়ী, ২০২৪ সালে বিশ্ব জনসংখ্যা বৃদ্ধির হার ছিল ০.৯%।

**৬৭. মানুষের মধ্যে প্রথম এমপক্স শনাক্ত হয় কোন দেশে?**

ক. ডেনমার্ক খ. কঙ্গো প্রজাতন্ত্র গ. উগান্ডা ঘ. নাইজেরিয়া

**ব্যাখ্যা :** মানুষের মধ্যে প্রথম এমপক্স শনাক্ত হয় ১৯৭০ সালে, গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে একটি নয় মাস বয়সী শিশুর শরীরে।

**৬৮. জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে বেশি কোন দেশে?**

ক. আফগানিস্তান খ. নাইজার গ. সুদান ঘ. ইরাক

**ব্যাখ্যা :** ২০২৫ সালের হিসাব অনুযায়ী, নাইজার জনসংখ্যা বৃদ্ধির হারে সবচেয়ে বেশি। এর পাশাপাশি বাহরাইন, গায়ানা, ওমান, উগান্ডা, অ্যাঙ্গোলা এবং কঙ্গোর মতো দেশগুলোও দ্রুত বর্ধনশীল জনসংখ্যার তালিকায় রয়েছে।

**৬৯. ৩৪তম আরব লিগ সম্মেলন অনুষ্ঠিত হয় কোথায়?**

ক. রিয়াদ খ. দোহা গ. কুয়েত ঘ. বাগদাদ

**ব্যাখ্যা :** ৩৪তম আরব লিগ শীর্ষ সম্মেলন ১৭ই মে ইরাকের রাজধানী বাগদাদে অনুষ্ঠিত হয়েছে।

**৭০. ৩৪তম ন্যাটো (NATO) সম্মেলন অনুষ্ঠিত হয়-**

ক. প্যারিস, ফ্রান্স খ. হেগ, নেদারল্যান্ডস  
গ. জেনেভা, সুইজারল্যান্ড ঘ. লন্ডন, ইংল্যান্ড

**ব্যাখ্যা :** ৩৪তম ন্যাটো (NATO) সম্মেলন ২০২৫ সালের ২৪-২৫ জুন নেদারল্যান্ডসের হেগ শহরে অনুষ্ঠিত হয়েছিল।

**৭১. ন্যাটোর সর্বশেষ সদস্য দেশ কোনটি?**

ক. ফিনল্যান্ড খ. সুইডেন গ. নরওয়ে ঘ. ক্রোয়েশিয়া

**ব্যাখ্যা :** ন্যাটোর সর্বশেষ সদস্য দেশ হলো সুইডেন, যা ২০২৪ সালের ৭ মার্চ ৩২তম সদস্য হিসেবে যোগদান করে।

**৭২. ২০২৫ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হয়েছেন-**

ক. বিজয় লক্ষ্মী পণ্ডিত খ. আনালেনা বেয়ারবক  
গ. উরসুলা ভন ডার লিয়েন ঘ. গোলাম সারওয়ার

**ব্যাখ্যা :** আনালেনা বেয়ারবককে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়। জাতিসংঘ প্রতিষ্ঠার পর পঞ্চম মহিলা সভাপতি।

**৭৩. WHO-তে প্রথমবারের মতো ফিলিস্তিনের পতাকা উত্তোলন করা হয়-**

ক. ১০ মে ২০২৫ খ. ২৬ মে ২০২৫  
গ. ১ জুন ২০২৫ ঘ. ৭ জুন ২০২৫

**ব্যাখ্যা :** বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রথমবারের মতো ফিলিস্তিনের পতাকা উত্তোলন করা হয় ২৬ মে ২০২৫ তারিখে।

**৭৪. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সর্বশেষ সদস্য দেশ কোনটি?**

ক. কঙ্গো খ. পূর্ব তিমুর গ. দক্ষিণ সুদান ঘ. লিচেনস্টাইন

**ব্যাখ্যা :** বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) সর্বশেষ সদস্য দেশ হলো পূর্ব তিমুর। এটি ২০২৪ সালের ৩০ আগস্ট থেকে কার্যকর হয় এবং এটি সংস্থার ১৬৬তম সদস্য।

**৭৫. ভুটানের বিশেষ অর্থনৈতিক অঞ্চল কোথায় স্থাপন করা হবে?**

ক. কুড়িগ্রাম খ. গাইবান্ধা গ. নীলফামারী ঘ. পঞ্চগড়

**ব্যাখ্যা :** ভুটান বাংলাদেশের কুড়িগ্রাম জেলায় একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন করবে, যা ধরলা নদীর পাশে মাধবরাম গ্রামে অবস্থিত হবে।

৭৬. অভিবাসী পাঠানোয় বাংলাদেশের অবস্থান কততম?

ক. ৫ম খ. ৬ষ্ঠ গ. ৭ম ঘ. ৮ম

ব্যাখ্যা : অভিবাসী প্রেরণে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ এবং রেমিট্যান্স গ্রহণে অষ্টম। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার 'বিশ্ব অভিবাসন প্রতিবেদন ২০২৪'-এ এসব তথ্য উঠে এসেছে।

৭৭. কোন দিনটি বিশ্ব শরণার্থী দিবস হিসেবে পালিত হয়?

ক. ৫ জুন খ. ১০ জুন গ. ২০ জুন ঘ. ২৫ জুন

ব্যাখ্যা : ২০০০ সালে UNGA এর অধিবেশনে ২০ জুন কে বিশ্ব শরণার্থী দিবস হিসেবে পালনের প্রস্তাব পাশ করা হয়।

৭৮. বাংলাদেশের জিডিপিতে পর্যটন খাতের অবদান কত?

ক. ৩% খ. ৪% গ. ৫% ঘ. ৬%

ব্যাখ্যা : Oct 15, 2024 — জিডিপি তে পর্যটন খাতের অবদান ৩.১% ও কর্মসংস্থান সৃষ্টিতে এর অবদান প্রায় ১.৭% যা এশিয়ার অন্যান্য দেশের তুলনায় তেমন আশাব্যঞ্জক নয়।

৭৯. ফিফা বিশ্বকাপ ফুটবল কখন প্রথম অনুষ্ঠিত হয়?

ক. ১৯২৮ খ. ১৯৩০ গ. ১৯৩২ ঘ. ১৮৩৪

ব্যাখ্যা : ১৯৩০ সালে প্রথম ফিফা ফুটবল বিশ্বকাপ উরুগুয়েতে অনুষ্ঠিত হয়। এতে ১৩টি দল অংশ গ্রহণ করে।

৮০. ইন্দোনেশিয়ার নতুন রাজধানীর নাম কী?

ক. বালি খ. জাকার্তা গ. নুসানতারা ঘ. সুমাত্রা

ব্যাখ্যা : ইন্দোনেশিয়ার নতুন রাজধানীর নাম হলো নুসানতারা। এটি বোর্নিও দ্বীপের পূর্ব কালিমন্তানে অবস্থিত।

৮১. ডি-৮-এ যোগদানকারী নবম দেশ কোনটি?

ক. আজারবাইজান খ. আর্মেনিয়া  
গ. ফিলিপাইন ঘ. কাজাখস্তান

ব্যাখ্যা : ডি-৮ (D-8) এর নবম দেশ হলো আজারবাইজান, যা ২০২৪ সালের ১৯ ডিসেম্বর এই সংস্থায় যোগ দেয়।

৮২. ইরান-ইসরায়েল যুদ্ধের সময় ইসরায়েলের অভিযানটির নাম কী ছিল?

ক. অপারেশন আয়রন সোর্ড খ. অপারেশন রাইজিং লায়ন  
গ. অপারেশন মিডনাইট হামার ঘ. অপারেশন ট্রু প্রমিজ

ব্যাখ্যা : ১৩ জুন ২০২৫ সালের ভোরে ইসরায়েল ইরানের বিভিন্ন এলাকায় ব্যাপক হামলা শুরু করে। এই অভিযানের কোডনাম ছিল Operation Rising Lion।

৮৩. আফ্রিকার তরুণ বিপ্লবী নেতা ইব্রাহিম ক্রাউরে কোন দেশের সেনাশাসক?

ক. নাইজার খ. মৌরিতানিয়া  
গ. বুরকিনা ফাসো ঘ. মালি

ব্যাখ্যা : আফ্রিকার তরুণ বিপ্লবী নেতা ইব্রাহিম ক্রাউরে বুরকিনা ফাসো-এর সেনাশাসক। তিনি ২০২২ সালের সেপ্টেম্বরে একটি অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা গ্রহণ করেন।

৮৪. গাজা অভিযুক্তী জাহাজ 'ম্যাডলিন' যাত্রা শুরু করে কোন বন্দর থেকে?

ক. আলজেসিরাস, স্পেন খ. কাতানিয়া, ইতালি  
গ. ত্রিয়েস্তে, ইতালি ঘ. ডাবলিন, আয়ারল্যান্ড

ব্যাখ্যা : মানবিক সহায়তার অংশ হিসেবে ১ জুন ইতালির কাতানিয়া থেকে গাজা অভিযুক্তী জাহাজ 'ম্যাডলিন' যাত্রা শুরু করে।

৮৫. ট্রুথ সোশ্যাল প্র্যাটফর্মের মালিক—

ক. জেফ বেজোস খ. ইলন মাস্ক  
গ. ডোনাল্ড ট্রাম্প ঘ. জেভি ভ্যাস

ব্যাখ্যা : ট্রুথ সোশ্যাল হল একটি সোশ্যাল মিডিয়া অ্যাপ যা ২০২২ সালে বর্তমান মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।

৮৬. ২০২৫ সালের বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?

ক. অস্ট্রেলিয়া খ. দক্ষিণ আফ্রিকা  
গ. ভারত ঘ. ইংল্যান্ড

ব্যাখ্যা : ২০২৩-২৫ আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল ম্যাচ ২০২৫ সালের ১১ থেকে ১৪ জুন সময়ে ইংল্যান্ডের লন্ডনের লর্ডসে অনুষ্ঠিত হয়।

৮৭. BRICS-এর partner country কয়টি?

ক. ৮টি খ. ৯টি  
গ. ১০টি ঘ. ১১টি

ব্যাখ্যা : ব্রিক্স (BRICS) হলো একটি আন্তর্জাতিক সংস্থা। এটি দশটি দেশের সমন্বয়ে গঠিত: —ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, মিশর, ইথিওপিয়া, ইন্দোনেশিয়া, ইরান এবং সংযুক্ত আরব আমিরাত।

৮৮. জি-২০-এর ২১তম সদস্য—

ক. মিশর খ. কাতার  
গ. আফ্রিকান ইউনিয়ন ঘ. ইরান

ব্যাখ্যা : জি-২০ (G20)-এর ২১তম সদস্য হলো আফ্রিকান ইউনিয়ন (African Union), যা ২০২৩ সালের ৯ সেপ্টেম্বর তারিখে এই সদস্যপদ লাভ করে।

৮৯. ১৫তম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে কোথায়?

ক. দক্ষিণ আফ্রিকা খ. ভারত গ. ইংল্যান্ড ঘ. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা : ১৫তম বিশ্বকাপ ক্রিকেট ২০৩১ সালে ভারত ও বাংলাদেশে যৌথভাবে অনুষ্ঠিত হবে।

৯০. 'পুলিৎজার পুরস্কার-২০২৫' জয়ী ফিলিস্তিনি সাহিত্যিক কে?

ক. সামি তামিমি খ. মোসাব আবু তোহা  
গ. ইসাবেলা হাম্মাদ ঘ. গাসমান কানাহানি

ব্যাখ্যা : ২০২৫ সালের পুলিৎজার পুরস্কারে ভূষিত ফিলিস্তিনি সাহিত্যিক হলেন মোসাব আবু তোহা। তিনি দ্য নিউ ইয়র্কার ম্যাগাজিনে প্রকাশিত 'গাজায় শারীরিক ও মানসিক হত্যাকাণ্ড' শীর্ষক প্রবন্ধের জন্য এই পুরস্কারটি পেয়েছেন।

৯১. বিশ্বের সবচেয়ে শক্তিশালী সুপার কম্পিউটার—

ক. Frontier খ. El Capitan  
গ. Aurora ঘ. HPC6

ব্যাখ্যা : বর্তমানে বিশ্বের সবচেয়ে শক্তিশালী সুপার কম্পিউটার হল এল ক্যাপিটান। মার্কিন যুক্তরাষ্ট্রের এ কম্পিউটারটির গতি ২.৭৪৬৩ এক্সাফ্লপস।

৯২. প্রথমবারের মতো এশিয়া থেকে কোন দেশের একজন নারী সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন—

ক. জাপান খ. লাওস  
গ. ভিয়েতনাম ঘ. দক্ষিণ কোরিয়া

ব্যাখ্যা : এশিয়ায় ১ম সাহিত্যে নোবেল প্রাপ্ত নারী ২০২৪. হান কাং একজন খ্যাতিমান দক্ষিণ কোরিয়ান লেখিকা, যিনি ১৯৭০ সালে জন্মগ্রহণ করেন।

৯৩. AI-ভিত্তিক পরিবেশ দূত—

ক. ডেভিন খ. সুখী গ. উনা ঘ. লিগনোস্যাট

ব্যাখ্যা : 'উনা' একটি কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন ডিজিটাল চরিত্র, যা পরিবেশ রক্ষার বার্তা ছড়াতে সক্রিয় ভূমিকা পালন করে।

৯৪. Wimbledon Championdhips কোন শহরে অনুষ্ঠিত হয়?

ক. লন্ডন খ. মেলবোর্ন গ. প্যারিস ঘ. নিউইয়র্ক

ব্যাখ্যা : লন টেনিসের জন্য উইম্বলডন উইম্বলডন হলো লন্ডনের একটি জায়গার নাম। প্রতিবছর এখানে লন টেনিসের উইম্বলডন চ্যাম্পিয়নশীপ অনুষ্ঠিত হয়।

৯৫. ডেঙ্গুতে মৃত্যুহারে বিশ্বে শীর্ষ স্থানে রয়েছে—

ক. বাংলাদেশ খ. যুক্তরাষ্ট্র  
গ. তুরস্ক ঘ. ইন্দোনেশিয়া

ব্যাখ্যা : ডেঙ্গুতে মৃত্যুহারে বিশ্বের শীর্ষে রয়েছে বাংলাদেশ। আক্রান্তের সংখ্যায় দেশটির অবস্থান সপ্তম হলেও মৃত্যুহারে এটি এখন ১ নম্বরে।

৯৬. Global strike for Gaza পালিত হয়—

ক. ৬ এপ্রিল ২০২৫ খ. ৭ এপ্রিল ২০২৫  
গ. ৮ এপ্রিল ২০২৫ ঘ. ৯ এপ্রিল ২০২৫

ব্যাখ্যা : Apr 7, 2025 — গাজায় চলমান ইসরায়েলি হামলা ও গণহত্যা বন্ধ এবং একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার দাবিতে 'গ্লোবাল স্ট্রাইক ফর গাজা' কর্মসূচি পালিত হয়।

৯৭. ইরানের নাভাজ পরমাণু কেন্দ্র অবস্থিত—

ক. সিস্তান খ. বুশেহর  
গ. তেহরান ঘ. ইস্পাহান

ব্যাখ্যা : ইরানের নাভাজ পরমাণু কেন্দ্রটি দেশটির রাজধানী তেহরান থেকে প্রায় ২৫০ কিলোমিটার দক্ষিণে ইসফাহান প্রদেশে অবস্থিত।

৯৮. যুক্তরাষ্ট্র বিশ্বব্যাপী কোন সংস্থার কার্যক্রম বন্ধ করে দেয়?

ক. CARE খ. Save Children  
গ. World Vision ঘ. USAID

ব্যাখ্যা : ২৯ মার্চ ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন মার্কিন আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা -ইউএসএআইডি কার্যক্রমভাবে বন্ধ করার ঘোষণা দিয়েছে।

৯৯. ২০২৫ সালে COP-30 কোথায় অনুষ্ঠিত হবে?

ক. চীন খ. ব্রাজিল গ. মিশর ঘ. চিলি

ব্যাখ্যা : ২০২৫ সালের COP-30 সম্মেলনটি (১০ থেকে ২১ নভেম্বর) ব্রাজিলের আমাজনিয়ান শহর বেলেম-এ অনুষ্ঠিত হবে।

১০০. Global Development Initiatives (GDI) কোন দেশের প্রকল্প?

ক. যুক্তরাষ্ট্র খ. জাপান গ. চীন ঘ. ভারত

ব্যাখ্যা : গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (GDI) একটি চীনা প্রকল্প। এটি ২০২১ সালে চীনের রাষ্ট্রপতি শি জিনপিং প্রস্তাব করেছিলেন এবং এর লক্ষ্য হলো জাতিসংঘের টেকসই উন্নয়নের ২০৩০ এজেন্ডা বাস্তবায়নে সহায়তা করা।